

**অধ্যাপক মোহাম্মদ আলীর
 নর্দান ইউনিভার্সিটির
 ভিসি পদে যোগদান**



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোহাম্মদ আলী নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের ভিসি হিসেবে যোগদান করেছেন। নর্দান

ইউনিভার্সিটি বাংলাদেশ ব্যবসায় প্রশাসন ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ে চার বছরের অনার্স কোর্স চালু করেছে। এ ছাড়াও এমবিএ ও এক্সিকিউটিভ এমবিএ প্রোগ্রাম এবং ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স চালু করেছে। প্রফেসর আলী ১৯৩৪ সালে চট্টগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫২ সালে মেধা ভাষিকায় বিজ্ঞান স্থান লাভ করে কলা বিভাগে উত্তীর্ণ হন। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি-সম্মান পরীক্ষায় পোপ গোল্ড মেডেল পেয়ে প্রথম শ্রেণীতে প্রথম হন এবং প্রথম শ্রেণীতে এমএ ডিগ্রি লাভ করেন। তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে ইংরেজি সাহিত্যে এমএ উত্তীর্ণ হন। বর্ণাঢ্য কর্মময় জীবনে প্রফেসর আলী রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজির শিক্ষক, বিভাগীয় সভাপতি, কলা অনুষদের ভিন, সিন্ডিকেট ও সিনেট সদস্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য এবং চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি বাংলা একাডেমী, বাংলাদেশ ইতিহাস সমিতি, জেনেভা কেন্দ্রিক বিশ্ববিদ্যালয়ের ইংরেজি অধ্যাপকদের আন্তর্জাতিক সমিতি, মুসলিম এডুকেশন সোসাইটি চট্টগ্রামের আজীবন সদস্য।